দৈনিক ইত্তেফাক

তারিখ 04 JAN 1997
পৃঃ ৪ কলাম ৭

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর ৩ বস্তা চাউল আটক

বাউফল সংবাদদাতা ।। শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর ৩ বস্তা চাউল কালোবাজারে পাচারের প্রস্তুতিকালে বাউফল থানার চরওয়াডেল ক্যাম্প পুলিশ খবর পাইয়া ৮ই ডিসেম্বর চরওয়াডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সেকান্দর আলী খাকে নিজ বাসভবন হইতে আটক করে। পুলিশ সূত্রে জানা যায়, আটককৃত ৩ বস্তায় ১৭০ কেজি চাউল রহিয়াছে।

অভিযোগে জানা যায়, বাউফল থানার ৭৭নং চর ওয়াডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ঐ স্কুলের শিক্ষা কর্মসূচীর ২ কিস্তির ২.৫৮০ কেজি চাউল উত্তোলন করিয়া ৭ই ডিসেম্বর ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেন। বিতরণকালে ১২ কেজির পরিবর্তে ৮ কেজি করিয়া বিতরণ করেন। উক্ত তালিকায় ১০ জন ছাত্র-ছাত্রীর নাম ভুয়া আছে। বিতরণের পর উদ্বৃত্ত চাউল কালোবাজারে বিক্রয়ের প্রস্তুতিকালে এলাকাবাসী ক্যাম্প পুলিশকে জানাইলে পুলিশ চাউল জব্দ করেন।